

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
বাঘারপাড়া, যশোর।

ছাত্র-ছাত্রীদের শিক্ষা-বৃত্তি প্রদান বিজ্ঞপ্তি

উপজেলা পরিষদের ২৬/৪/২০১৫ খ্রি: তারিখের মাসিক সাধারণ সভার সিদ্ধান্তের আলোকে ২০১৪-১৫ অর্থ বছরের বাজেট বরাদ্দের আওতায় উপজেলা পরিষদ, বাঘারপাড়া, যশোর এর রাজস্ব তহবিল হতে উপজেলাধীন গরীব ও মেধাবী ছাত্র/ছাত্রী যারা ২০১৫ সনে এসএসসি/দাখিল / সমমান পরীক্ষায় কৃতিত্বের সাথে উত্তীর্ণ হয়েছে তাদের নিকট থেকে নিম্নবর্ণিত শর্তে এককালীন শিক্ষা বৃত্তি প্রদানের জন্য উপজেলা পরিষদ, বাঘারপাড়া, যশোর এর নির্ধারিত ফরমে আগামী ২৩.০৬.২০১৫ খ্রি: তারিখের মধ্যে দরখাস্ত আহবান করা যাচ্ছে।

দরখাস্ত দাখিলের অনসরণীয় শর্তাবলী :

- ০১। আবেদনকারী ছাত্র/ছাত্রী অবশ্যই বাঘারপাড়া উপজেলা এর স্থায়ী বাসিন্দা এবং সরকার অনুমোদিত শিক্ষা প্রতিষ্ঠানের ছাত্র/ছাত্রী হতে হবে।
- ০২। যে সকল ছাত্র/ছাত্রীর অভিভাবকের বার্ষিক আয় ৭৫,০০০/=টাকার নিম্নে শুধুমাত্র তারা আবেদনের যোগ্য বলে বিবেচিত হবে।
- ০৩। ২০১৫ সনে এসএসসি/দাখিল/সমমান পরীক্ষায় উত্তীর্ণ আবেদনকারীর বিজ্ঞান/মানবিক/বাণিজ্য/সমমান পরীক্ষায় জিপিএ ৫-০০ প্রাপ্ত ছাত্র/ছাত্রীরা কেবল আবেদন করতে পারবে।
- ০৪। অফিস চলাকালীন সময়ে উপজেলা পরিষদ, বাঘারপাড়া, যশোর হতে বিনামূল্যে বৃত্তির ফরম সংগ্রহ করা যাবে।
- ০৫। আবেদনকারীকে নির্ধারিত ফরম-এ স্ব-হস্তে পূরণ করত: স্বাক্ষর করতে হবে।
- ০৬। আবেদন পত্রের সাথে অবশ্যই নিম্নবর্ণিত কাগজপত্র দাখিল করতে হবে।
(ক) এসএসসি/দাখিল/সমমান পরীক্ষার নম্বর পত্রের সত্যায়িত ফটোকপি (খ) সদ্যতোলা ০১(এক) কপি পাসপোর্ট আকারের রঞ্জন ছবি যা ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা/প্রতিষ্ঠান প্রধান/বিভাগীয় প্রধান কর্তৃক সত্যায়িত হবে (গ) উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক ইস্যুকৃত আবেদনকারীর জন্ম সনদপত্রের সত্যায়িত কপি (ঘ) পৌরসভার মেয়র/ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/অফিস প্রধান(চাকুরীজীবীদের ক্ষেত্রে) কর্তৃক প্রদত্ত অভিভাবকের বার্ষিক আয়ের সনদ পত্র।
- ০৭। বৃত্তির ফরম সঠিকভাবে পূরণ করে শিক্ষা প্রতিষ্ঠান প্রধানের সুপারিশসহ আগামী ২৩.০৬.২০১৫ খ্রি: তারিখের মধ্যে নিজ দায়িত্বে চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বাঘারপাড়া, যশোর এর অফিসে/ উপজেলা নির্বাহী অফিসারের অফিস, বাঘারপাড়া, যশোর এর অফিসে অফিস চলাকালীন সময়ের মধ্যে জমা দিতে হবে।
- ০৮। নির্ধারিত তারিখের পর কোন আবেদনপত্র কোনভাবেই গ্রহণযোগ্য হবে না।
- ০৯। কোন কারণ দর্শানো ছাড়াই কর্তৃপক্ষ যে কোন আবেদন বাতিলের/গ্রহণের ক্ষমতা সংরক্ষণ করেন।

মোহাম্মদ আশেক হাসান
উপজেলা নির্বাহী অফিসার
বাঘারপাড়া, যশোর।
ফোনঃ ০৪২২৩-৫৬০১১
unobagherpara@mopa.gov.bd.

স্মারক সংখ্যাঃ ০৫.৬৫৪.০১৮.০৪.০৪.০৩০.২০১৫ - ৫৪২ (১০০)

তারিখঃ ০৭/৫/২০১৫ খ্রিঃ

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো :-

- ১। জেলা প্রশাসক, যশোর।
- ২। উপজেলা চেয়ারম্যান, বাঘারপাড়া, যশোর।

অনুলিপি অবগতি ও বহল প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো :-

- ৩। মেয়র, বাঘারপাড়া পৌরসভা, বাঘারপাড়া, যশোর।
- ৪। চেয়ারম্যান, জহরপুর/বন্দবিলা/রায়পুর/নারিকেলবাড়িয়া/খলগ্রাম/দোহাকুলা/দরাজহাট/বাসুয়াড়ী ও জামদিয়া ইউপি, বাঘারপাড়া, যশোর।
- ৫। উপজেলা -----অফিসার, বাঘারপাড়া, যশোর।
- ৬। সভাপতি/সম্পাদক, প্রেস ক্লাব, বাঘারপাড়া, যশোর।
- ৭। জনাব

উপজেলা নির্বাহী অফিসার
বাঘারপাড়া, যশোর।